

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ১৫

জে,

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জামিন/অস্থায়ী নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ বর্ধিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ১১ এপ্রিল, ২০২০ খ্রিস্টাব্দের ২৭৫০ এ, নং স্মারকের ধারাবাহিকতায় পুনরায় উল্লেখ করা যাচ্ছে যে, যে সকল ফৌজদারী মামলায় আসামীকে নির্দিষ্ট সময় পর্যন্ত জামিন প্রদান করা হয়েছে বা যে সকল মামলায় নির্দিষ্ট সময়ের জন্য অস্থায়ী নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ-এর আদেশ প্রদান করা হয়েছে, সে সকল মামলার আদেশের কার্যকারিতা উচ্চ আদালত পূর্ণাঙ্গরূপে খোলার তারিখ পর্যন্ত বর্ধিত হয়েছে মর্মে গণ্য হবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বা/-

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইল reg@supremecourt.gov.bd


স্মারক নং- ৩৫৯৬

জে,

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ..... (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৫. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ..... (সকল)
৬. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল/শ্রম আদালত/স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন..... (সকল)
৭. চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলমেন্ট/নিম্নতম মজুরী বোর্ড/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল..... (সকল)
৮. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জন নিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল..... (সকল)
৯. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল..... (সকল)
১০. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন।
১১. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট..... (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
১২. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি..... (সকল)
১৩. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৫. বেঞ্চ অফিসার/বেঞ্চ রীডার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১৬. সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা(সকল)
১৭. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। (সকল মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করবেন।)
১৮. নোটিশ বোর্ড।


১১.০৮.২০২০

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)